গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৩২

**নোস্ট্রি বাংলাদেশে কর্মক্ষেত্রের নিরাপত্তা ও শ্রমমান উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ**
**- শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা**

রাজশাহী, ১৮ শ্রাবণ (০২ আগস্ট) :

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষণ ইনস্টিটিউট (নোস্ট্রি)-কে বাংলাদেশে কর্মক্ষেত্রের নিরাপত্তা ও শ্রমমান উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের শ্রম ও কর্মসংস্থান এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন।

আজ শনিবার (২ আগস্ট) রাজশাহীর জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক নিরাপত্তা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট অডিটোরিয়ামে "পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক সম্মেলন-২০২৫"-এ প্রধান অতিথির বক্তৃতায় উপদেষ্টা এ মন্তব্য করেন।

উপদেষ্টা বলেন, ইতোমধ্যে শ্রম সংস্কার কমিশন তাদের সুপারিশ জমা দিয়েছেন। আমরা বিভিন্ন সুপারিশ যাচাই বাছাই করছি। বর্তমানে বিভিন্ন পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে গবেষণা হচ্ছে। শ্রম সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়নে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে, যা শ্রম অধিকার, নীতি ও প্রশিক্ষণে সহায়তা করবে। এছাড়া, নোস্ট্রি-এর মাধ্যমে রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নতুন সমঝোতা স্মারকের পরিকল্পনা চলছে, যা পেশাগত প্রশিক্ষণ ও গবেষণাকে ত্বরান্বিত করবে। তিনি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণায় সম্পৃক্ততা বৃদ্ধির ওপর জোর দেন।

শ্রম উপদেষ্টা আরও বলেন, চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে চা বাগানগুলিতে স্যানিটেশন ও সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করতে মালিকদের তাগিদ দেওয়া হয়েছে। শ্রমঘন এলাকায় শ্রমিকদের জন্য বিশেষায়িত হাসপাতাল নির্মাণের পরিকল্পনা করা হয়েছে।

সম্মেলনে বিশেষ অতিথির বক্তৃতায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ. এইচ. এম. সফিকুজ্জামান বলেন, শ্রম আইন ২০০৬ সংশোধনে শ্রম সংস্কার কমিশনের সুপারিশ অন্তর্ভুক্ত করা হচ্ছে। কমিশনের সুপারিশ থেকে গবেষণার বিষয়সমূহ বাস্তবায়নে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কাজ করছে। শ্রমিকদের সকল অধিকার আন্তর্জাতিক মানের করে বাস্তবায়ন করা হবে। একটি শক্তিশালী পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যের সংস্কৃতি তৈরি করার জন্য সরকার, নিয়োগকর্তা, শ্রমিক, সুশীল সমাজ এবং আমাদের আন্তর্জাতিক অংশীদারদের সম্মিলিত পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

সম্মেলন শেষে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক নিরাপত্তা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সভাকক্ষে উপদেষ্টা বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ৫০ জন শ্রমিক ও তাদের পরিবারকে আর্থিক সহায়তার চেক হস্তান্তর করেন এবং ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দকে দ্রুত নির্বাচন সম্পন্ন করা তাগিদ দিয়ে শ্রমিকদের জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

সম্মেলনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিশু ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞ লেফটেন্যান্ট কর্নেল (অব:) অধ্যাপক ডা. রেহানা খানম, মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিব জাহেদা পারভীন, রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। সম্মেলনে সভাপতিত্ব করেন কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক ওমর মো. ইমরুল মহসিন।

এসময় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, রাজশাহী জেলা প্রশাসক, আইএলও কারিগরি বিশেষজ্ঞ, জিআইজেড প্রতিনিধি, শ্রম সংস্কার কমিশনের প্রধান, শ্রমিক ও মালিক প্রতিনিধি, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

.............................................................

আব্দুল মালেক/তৌহিদ/আতিক/রুহুল/২০২৫/১৬:০০ ঘ.